

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -২৮ (العبر –২৮)

- (১) যুদ্ধ নয়, শান্তি প্রতিষ্ঠাই ইসলামের মূল উদ্দেশ্য। এজন্য কিছু ছাড় দিয়ে হ'লেও সর্বদা সন্ধির পথে চলাই হ'ল ইসলামের নীতি।
- (২) আমীর হবেন শান্তিবাদী এবং সবার চাইতে অধিক জ্ঞানী ও দূরদৃষ্টি সম্পন্ন।
- (৩) আমীরের কোন সিদ্ধান্ত কর্মীদের মনঃপুত না হ'লে ছবর করতে হবে এবং তা মেনে নিতে হবে।
- (৪) সর্বদা আমীরের সিদ্ধান্তই হবে চূড়ান্ত। পরামর্শ আবশ্যিক হ'লেও যৌথ নেতৃত্ব বলে ইসলামে কিছু নেই।
- (৫) মহিলারা পুরুষের উপরে নেতৃত্ব না দিলেও রাজনৈতিক ও সামাজিক সকল ব্যাপারে তাদের উত্তম পরামর্শ অবশ্যই গ্রহণীয়। হোদায়বিয়া সন্ধির পর রাসূল (ছাঃ) স্ত্রী উম্মে সালামাহর একক পরামর্শ গ্রহণ করেন, যা খুবই ফলপ্রসু প্রমাণিত হয়।

রাসূলুল্লাহ (ছাঃ) ও তাঁর সাথীগণ হোদায়বিয়াতে ২০ দিন অবস্থান করেন। অতঃপর মদীনায় ফিরে যান। যাতায়াতসহ সর্বমোট দেড় মাস তাঁরা এই সফরে অতিবাহিত করেন (সীরাহ ছহীহাহ ২/৪৪৭)।

বলা আবশ্যক যে, হোদায়বিয়ার সন্ধিচুক্তি ১৭ কিংবা ১৮ মাস অব্যাহত ছিল। অতঃপর কুরায়েশরা তা ভঙ্গ করে। ফলে সেটি মক্কা বিজয়ের প্রত্যক্ষ কারণ হিসাবে গণ্য হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5524

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন